

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ২১, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

জননিরাপত্তা বিভাগ

পুলিশ শাখা-২

প্রজ্ঞাপন

তারিখ: ০৫ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ/২০ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৬৭-আইন/২০১৭।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, পুলিশ বিভাগ (নন-পুলিশ কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৬ এর নিয়ন্ত্রণ অধিকরণ সংশোধন করিলেন, যথা :—

উপরি-উক্ত বিধিমালার তফসিল এর “সিলেট মেট্রোপলিটন পুলিশ (এসএমপি)” শিরোনামের ক্রমিক (২৬) এবং উহার বিপরীতে উল্লিখিত এন্টিসমূহের পর নিম্নবর্ণিত নৃতন শিরোনাম, ক্রমিক নং এবং এন্টিসমূহ সংযোজিত হইবে, যথা :—

“শিল্পাঞ্চল পুলিশ

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	যোগ্যতা
১	২	৩	৪	৫
১.	মেডিকেল অফিসার	অনুর্ধ্ব ৩২ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে।	সরাসরি নিয়োগের ক্ষেত্রে: (ক) বি.এম.ডি.সি কর্তৃক স্বীকৃত কোনো প্রতিষ্ঠান হইতে এম.বি.বি.এস ডিজী; এবং

(৮৮২৭)

মূল্য : টাকা ৮.০০

১	২	৩	৪	৫
				(খ) বি.এম.ডি.সি হইতে রেজিস্ট্রেশনপ্রাপ্ত। <u>প্রেষণে বদলির ক্ষেত্রে:</u> বি.সি.এস (স্বাস্থ্য) ক্যাডারের কর্মকর্তাগণের মধ্য হইতে।
২.	বাজেট অফিসার	..	প্রেষণে বদলির মাধ্যমে।	বি.সি.এস (হিসাব ও নিরীক্ষা) ক্যাডারের কর্মকর্তাগণের মধ্য হইতে।
৩.	স্টেনোগ্রাফার- কাম-কম্পিউটার অপারেটর		Stenographers and Steno-typists (Ministries, Division and Attached Departments) Recruitments Rules, 1978 এবং স্টেনোগ্রাফার বা স্টেনোটাইপিস্ট, স্টেনোগ্রাফিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবি পরিবর্তন ও নিয়োগযোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০ অনুযায়ী।	
৪.	হিসাব রক্ষক	..	পদোন্নতির মাধ্যমে।	(ক) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক অথবা ক্যাশিয়ার পদে অন্যন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; (খ) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ; এবং (গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা।
৫.	ক্যাশিয়ার	অনুর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে বাণিজ্য বা ব্যবসায় শিক্ষা বিভাগে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে।

১	২	৩	৪	৫
৬.	অফিস সহকারী-কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক	নিম্নমান সহকারী-তথা মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দণ্ডরী, ও এম,এল,এস,এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ এবং স্টার্টলিপিকার বা স্টেনোগ্রাফার, স্টেম্পমুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবি পরিবর্তন ও নিয়োগযোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০ অনুযায়ী।		
৭.	পরিচ্ছন্নতা কর্মী	অনুর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে: তবে শর্ত থাকে যে, মোট পদের শতকরা ৮০ ভাগ জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকিবে, তবে জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে, সাধারণ প্রার্থীদের দ্বারা উক্ত পদসমূহ পূরণ করা যাইবে।	কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।
৮.	পরিচ্ছন্নতা কর্মী	অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউট সোর্সিং (Out Sourcing)” এর মাধ্যমে “সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮” অনুযায়ী।		
৯.	বাবুচি	অনুর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) রান্নার কাজে বাস্তব অভিজ্ঞতা।
১০.	বাবুচি	অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউট সোর্সিং (Out Sourcing)” এর মাধ্যমে “সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮” অনুযায়ী।		

১	২	৩	৪	৫
১১.	মালী	অনুর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) বাগান তৈরী ও পরিচর্যার কাজে অন্যূন এক বৎসরের বাস্তব অভিজ্ঞতা।
১২.	মালী	অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউট সোর্সিং (Out Sourcing)” এর মাধ্যমে “সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮” অনুযায়ী।		

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. কামাল উদ্দিন আহমেদ
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd